



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন,
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা,
ঢাকা-১০০০।

ক্রেডিট বিভাগ-১

ফোনঃ ৯৫৫০৪০৩
পিএবিএক্সঃ ৯৫৬০০২১-২২
৯৫৬০০২৪-২৫
৯৫৬০০৩১-৩৫
ফ্যাক্সঃ ৮৮-০২-৯৫৬১২১১

তারিখঃ ১২/০৭/২০১৮

নং-প্রকা/ক্রেঃবিঃ-১/৩(৭)অংশ-৭/২০১৮-১৯/ ২৪(১০৪০)

সকল মহাব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
সকল বিভাগীয় কার্যালয়।

বিষয়ঃ ডাল, তৈল বীজ, মসলা জাতীয় ফসল ও ভুট্টা চাষের জন্য ৪% সুদে বিতরণকৃত ঋণের মধ্যে ২০১৭-১৮ অর্থ বছরে সুদাসনে সম্পূর্ণ আদায়ের মাধ্যমে বন্ধ হওয়া ঋণ হিসাবসমূহের সুদ বাবদ ক্ষতির বিপরীতে ভর্তুকী প্রদানের দাবী সম্বলিত প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।


প্রিয় মহোদয়
শিরোনামে বর্ণিত বিষয়ে অত্র বিভাগের ১০/০৬/২০১৮ তারিখের ৬০৪(১১০০) নং পত্রের প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। উপরোক্ত পত্রের মাধ্যমে চাহিত তথ্যাদি ১০/০৭/২০১৮ তারিখের মধ্যে অত্র বিভাগে হার্ড কপি প্রেরণ ও সফট কপি ই-মেইলযোগে (dgmlad1@krishibank.org.bd) প্রেরণ করার নির্দেশনা থাকলেও বিভাগীয় পর্যায়ে হতে সংকলিত বিবরণীসমূহ অত্র বিভাগে অদ্যাবধি প্রেরণ করা হয়নি। ফলে নির্ধারিত সময়ে বাংলাদেশ ব্যাংকে প্রতিবেদন প্রেরণ ও আর্থিক ক্ষতিপূরণ প্রদান সংক্রান্ত দাবী প্রেরণে অনিচ্ছতার সৃষ্টি হয়েছে।

০৩। এমতাবস্থায়, প্রতিবেদনটি যথাসময়ে বাংলাদেশ ব্যাংকে প্রেরণ করার লক্ষ্যে সঠিক ও নির্ভুল বিবরণী বিভাগীয় পর্যায়ে শাখা ও অঞ্চলওয়ারী সংকলন করে নির্ধারিত ছকে প্রেরণের জন্য পুনরায় অনুরোধ করা হলো। নির্ধারিত সময়ে প্রতিবেদন প্রেরণ না করার ফলে ব্যাংক কোন আর্থিক ক্ষতি/ জরিমানার সম্মুখীন হলে এর দায়-দায়িত্ব সংশ্লিষ্ট শাখা/কার্যালয়কে বহন করতে হবে।

অনুমোদনক্রমে -

সংযুক্তিঃ বর্ণনামতে।

আপনার বিশ্বস্ত

(খায়রুল হোসেন আহমেদ)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৫০৪০৩

সদয় অবগতির জন্যঃ

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয় এর সচিবালয়, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, মহাব্যবস্থাপক (পরিকল্পনা ও পরিচালন) মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৩। উপমহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রন ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা।
- ০৪। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস, কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা। পত্রটি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য অনুরোধ করা হলো।
- ০৫। সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপক, বিকেবি, মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়সমূহ।
- ০৬। সংশ্লিষ্ট সকল শাখা ব্যবস্থাপক, বিকেবি (মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়সমূহ এর মাধ্যমে)।



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন,
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা,
ঢাকা-১০০০।

ক্রেডিট বিভাগ-১

ফোনঃ ৯৫৫০৪০৩
পিএবিএক্সঃ ৯৫৬০০২১-২২
৯৫৬০০২৪-২৫
৯৫৬০০৩১-৩৫
ফ্যাক্সঃ ৮৮-০২-৯৫৬১২১১

নং-প্রকা/ক্রেঃবিঃ-১/৩(৭)অংশ-৬/২০১৭-১৮/ ১০৪ (২২ ৫০)

তারিখঃ ১০/০৬/২০১৮

সকল মহাব্যবস্থাপক
বাংলাদেশ কৃষি ব্যাংক
বিভাগীয় কার্যালয়সমূহ।

বিষয়ঃ ডাল, তৈল বীজ, মসলা জাতীয় ফসল ও ভুট্টা চাষের জন্য ৪% সুদে বিতরণকৃত ঋণের মধ্যে ২০১৭-১৮ অর্থ বছরে সুদাসলে সম্পূর্ণ আদায়ের মাধ্যমে বন্ধ হওয়া ঋণ হিসাবসমূহের সুদ বাবদ ক্ষতির বিপরীতে ভর্তুকী প্রদানের দাবী সম্বলিত প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ে বাংলাদেশ ব্যাংকের কৃষি ঋণ বিভাগের এসিডি সার্কুলার নং-০২ তারিখ ৩০/০৫/২০১১ (যা অত্র বিভাগের ১৫/০৬/২০১১ তারিখের ৭৪৬ (১২০০) নং পত্রের মাধ্যমে পৃষ্ঠাংকনকৃত) এর প্রতি সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। উপরোক্ত পত্র মাধ্যমে ডাল, তৈল বীজ, মসলা জাতীয় ফসল ও ভুট্টা চাষের জন্য রেয়াতী সুদে বিতরণকৃত ঋণের মধ্যে ২০১৭-১৮ অর্থ বছরে ০১/০৭/২০১৭ তারিখ হতে ৩০/০৬/২০১৮ তারিখের মধ্যে সুদে আসলে সম্পূর্ণ আদায়ের মাধ্যমে বন্ধ হওয়া হিসাবসমূহের বিপরীতে সংশ্লিষ্ট বছর সমাপ্তির ০১(এক) মাসের মধ্যে বাংলাদেশ ব্যাংকের নিকট ৬% হারে সুদ ক্ষতিপূরণের দাবী পেশ করতে হয় বিধায়, ২০১৭-১৮ অর্থ বছরের বিষয়োল্লেখিত সঠিক ও নির্ভুল দাবী সম্বলিত প্রতিবেদন সংগ্রহ ও সংকলন পূর্বক নিম্নোক্ত ছকে আপনার বিভাগাধীন অঞ্চলওয়ারী শাখার তালিকাসহ ১০/০৭/২০১৮ তারিখের মধ্যে অত্র বিভাগে প্রেরণ এবং “এক্সেল ফরমেট-এ” বিবরণীর সফট কপি ই-মেইলযোগে (dgmlad1@krishibank.org.bd) ঠিকানায় প্রেরণ করার জন্যও বিনীত অনুরোধ করা হলো।

“ছক”

ব্যাংকের নামঃ বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয়ঃ ডাল, তৈল বীজ, মসলা জাতীয় ফসল ও ভুট্টা চাষের জন্য ৪% সুদে ২০১৭-১৮ অর্থ বছরে কৃষি ঋণের সুদ বাবদ ক্ষতির বিপরীতে দাবীকৃত ভর্তুকীর বিবরণী।

বিভাগের নামঃ

(প্রকৃত টাকার অংকে)

ক্রম নং	ব্যাংক শাখার নাম	ঋণ প্রকৃতির নাম	ঋণ হিসাব নং	বিতরণকৃত ঋণের		ঋণের উদ্দেশ্য	৪% হারে দাবীকৃত সুদের পরিমাণ	১০% হারে দাবীকৃত সুদের পরিমাণ	ঋণ হিসাব সমাপ্তির /আদায়ের নির্ধারিত তারিখ	নির্দিষ্ট সময়ে ঋণ হিসাব সমাপ্তকরণে আর্থিক ক্ষতির পরিমাণ (৬%)	ঋণ হিসাব সমাপ্তকরণ/আদায়ের		মন্তব্য
				তারিখ	পরিমাণ						তারিখ	পরিমাণ	
১	২	৩	৪	৫	৬	৭	৮	৯	১০	১১	১২	১৩	১৪

০৩। সঠিক ও নির্ভুল প্রতিবেদন প্রেরণের ক্ষেত্রে নিম্নোক্ত দিকনির্দেশনা অনুসরণ করার জন্য অনুরোধ করা হলোঃ

(ক) বিতরণকৃত ঋণ দেয় তারিখ (Due Date) হতে ছয় মাসের মধ্যে শুধু ২০১৭-১৮ অর্থ বছরে অর্থাৎ ০১লা জুলাই, ২০১৭ তারিখ হতে ৩০জুন ২০১৮ তারিখের মধ্যে সুদাসলে সম্পূর্ণ আদায়ের মাধ্যমে ঋণ হিসাব বন্ধ হতে হবে;

(খ) দাবী সংশ্লিষ্ট হিসাবসমূহে রেয়াতী সুদ ৪% এবং দাবীকৃত সুদ ভর্তুকী ৬% হিসেবে সঠিকভাবে হিসাব করতে হবে। উল্লেখ্য যে, ০১/০৭/২০১১ তারিখ হতে রেয়াতী সুদ হার ৪%;

চলমান পাতা-০২

- (গ) ঋণ বিতরণকারী শাখাসমূহ ৪% রেয়াতী সুদে বিতরণকৃত ঋণ গ্রহীতাদের তালিকাসহ এতদসংক্রান্ত যাবতীয় তথ্যাদি যেমন, সংশ্লিষ্ট ঋণ নথি, ঋণ গ্রহীতার সংখ্যা, কোন ফসলের জন্য, ঋণ গ্রহীতার নাম/ঠিকানা, ঋণ মঞ্জুরি ও বিতরণকৃত ঋণের পরিমাণ, জমির পরিমাণ, ঋণের মেয়াদ, আদায়/সমন্বয়ের তারিখ ইত্যাদি সঠিকভাবে সংরক্ষণ করতে হবে যাতে প্রয়োজনে বাংলাদেশ ব্যাংক কর্তৃক ঋণের যথার্থতা যাচাই করা সম্ভব হয়;
- (ঘ) পার্বত্য এলাকায় যে সকল স্থানে “বিশেষ অর্থনৈতিক এলাকা” হিসেবে ৫% সুদ হারে বিশেষ সুবিধা বহাল আছে, সে সকল এলাকায় দাবী পেশ করার সময় সতর্কতার সাথে যাচাই বাছাই করে দেখতে হবে, যাতে ৫% ও ৪% রেয়াতী সুদ হার সুবিধা একই গ্রাহকের অনুকূলে না হয়। একই গ্রাহকের অনুকূলে ৫% ও ৪% রেয়াতী সুদ হার সুবিধা প্রদান করা হয়নি মর্মে শাখা ব্যবস্থাপককে প্রত্যয়নপত্র প্রদানসহ মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক কর্তৃক প্রতিস্বাক্ষর করতে হবে;
- (ঙ) দাবী পেশের জন্য সুদ হিসাব করার সময় Days product এর ভিত্তিতে সুদ হিসাব করতে হবে যাতে যাচাইকালে কোন গড়মিল পরিলক্ষিত না হয়।

০৪। বাংলাদেশ ব্যাংক দৈবচয়ন (Random sampling) ভিত্তিতে রেয়াতী হারে যোগ্য বলে দাবীকৃত ঋণের ন্যূনপক্ষে ১০% ঋণ নথি সরেজমিনে যাচাই করবে এবং যাচাইকৃত ঋণের মধ্যে যে পরিমাণ ঋণ নিয়মানুযায়ী প্রদেয় হয়নি মর্মে প্রমানিত হবে তার শতকরা হার নির্ণয় করতঃ তা ব্যাংকের পুরো দাবীকৃত ঋণের উপর কার্যকরণ পূর্বক ক্ষতিপূরণ নির্ধারণ করবে। এমতাবস্থায়, কোন শাখা কর্তৃক ভুল তথ্য সম্বলিত প্রতিবেদন দাখিল করা বা বিলম্বে দাবী পেশের কারণে রেয়াতী সুদের ক্ষতিপূরণযোগ্য ভর্তুকী দাবীকৃত অর্থের পরিমাণ হ্রাস পেলে পুরো ঘাটতি টাকা সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক ও মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের নিকট হতে আদায়যোগ্য হবে।

০৫। উপরোক্ত দিকনির্দেশনাবলী অনুসরণ পূর্বক সঠিক দাবী সম্বলিত প্রতিবেদন ১০/০৭/২০১৮ তারিখের মধ্যে পুনরায় ১০/০৭/২০১৮ তারিখের মধ্যে অবশ্যই অত্র বিভাগে প্রেরণের জন্য পুনরায় অনুরোধ করা হলো।

০৬। উক্ত প্রতিবেদন তৈরিতে কোন সংশয় সৃষ্টি হলে অত্র বিভাগের কর্মকর্তা জনাব মোহাম্মদ মজনু মিয়া, মোবাইল নং- ০১৯১৩৯৯৩৮৩৮ এর সাথে তাত্ক্ষণিক যোগাযোগ করার জন্য অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত

সংযুক্তিঃ বাংলাদেশ ব্যাংকের এসিডি সার্কুলার নং-০২।

২০. ৬. ২০১৮.
(খায়রুল্লাহ আহমেদ)
উপ-মহাব্যবস্থাপক
ফোনঃ ৯৫৫০৪০৩

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলোঃ

- ১। উপ-মহাব্যবস্থাপক, শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। সকল মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহ।
- ৩। সকল শাখা ব্যবস্থাপক, বাংলাদেশ কৃষি ব্যাংক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)।
- ৪। নথি / মহানথি।